

# **া** সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৩৩০

১/ পবিত্রতা অর্জন ( كتاب الطهارة ) পরিচ্ছেদঃ ১২৪. মুকীম অবস্থায় তায়াম্মুম করা

# باب التَّيَمُّمِ فِي الْحَضَرِ

#### আরবী

حَدَّقْنَا أَحْمَدُ بْنُ إِبْرَاهِيمَ الْمَوْصِلِيُّ أَبُو عَلِيّ، أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ ثَابِتِ الْعَبْدِيُّ، أَخْبَرَنَا نَافِعٌ قَالَ انْطَلَقْتُ مَعَ ابْنِ عُمَرَ فِي حَاجَةٍ إِلَى ابْنِ عَبَّاسٍ فَقَضَى ابْنُ عُمَرَ حَاجَتَهُ فَكَانَ مِنْ حَدِيثِهِ يَوْمَئِذِ أَنْ قَالَ مَرَّ رَجُلٌ عَلَى رَسُولِ اللهِ صلي الله عليه وسلم فِي سِكَّةٍ مِنَ السِّكَكِ وَقَدْ خَرَجَ مِنْ غَائِطٍ أَوْ بَوْلٍ فَسَلَّمَ عَلَيْهِ، فَلَمْ يَرُدَّ عَلَيْهِ حَتَّى إِذَا كَادَ الرَّجُلُ أَنْ يَتَوَارَى فِي السِّكَةِ ضَرَبَ بِيَدَيْهِ عَلَى الْحَائِطِ، وَمَسَحَ بِهِمَا وَجْهَهُ ثُمَّ ضَرَبَ ضَرْبَةً أُخْرَى يَتَوَارَى فِي السِّكَةِ ضَرَبَ بِيَدَيْهِ عَلَى الْحَائِطِ، وَمَسَحَ بِهِمَا وَجْهَهُ ثُمَّ صَرَبَ ضَرْبَ مَرْبَةً أُخْرَى فَمَسَحَ ذِرَاعَيْهِ، ثُمَّ رَدَّ عَلَى الرَّجُلِ السَّلَامَ وَقَالَ: " إِنَّهُ لَمْ يَمْنَعْنِي أَنْ أَرُدَّ عَلَيْكَ السَّلَامَ إِلَّا فَمَسَحَ ذِرَاعَيْهِ، ثُمَّ رَدَّ عَلَى الرَّجُلِ السَّلَامَ وَقَالَ: " إِنَّهُ لَمْ يَمْنَعْنِي أَنْ أَرُدَّ عَلَيْكَ السَّلَامَ إِلَّا فَمَسَحَ ذِرَاعَيْهِ، ثُمَّ رُدَّ عَلَى الرَّجُلِ السَّلَامَ وَقَالَ: " إِنَّهُ لَمْ يَمْنَعْنِي أَنْ أَرُدَّ عَلَيْكَ السَّلَامَ إِلَّا يَتُولُ رَوى مُحَمَّدُ بْنُ أَيْ لِللهَ عَلَى طُهُو إِلَّا مَنْكَرًا فِي التَيْمُّمِ . قَالَ ابْنُ دَاسَةَ قَالَ أَبُو دَاؤُدَ : لَمْ يُتَابَعْ مُحَمَّدُ بْنُ ثَابِتٍ فِي الْتَيْمُ مِ . قَالَ ابْنُ دَاسَةَ قَالَ أَبُو دَاؤُدَ : لَمْ يُتَابَعْ مُحُمَّدُ بْنُ ثَابِتٍ فِي هَذِهِ الْقِصَّةِ عَلَى ضَرْبَتَيْنِ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم وَرَوَوْهُ فِعْلَ ابْنِ عُمَرَ .

\_ ضعیف

#### বাংলা

৩৩০। নাফি' (রহঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, আমি ইবনু 'উমার (রাঃ)-এর সাথে বিশেষ প্রয়োজনে ইবনু 'আব্বাস (রাঃ)-এর কাছে গেলাম। ইবনু 'উমার ইবনু 'আব্বাসের কাছে গিয়ে স্বীয় প্রয়োজন সমাধা করলেন। ঐ দিন ইবনু 'উমার রাযিয়াল্লাহু 'আনহুমা এ হাদীস বর্ণনা করেন যে, একদা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম পায়খানা অথবা পেশাব করে বের হচ্ছিলেন এমন সময় জনৈক ব্যক্তি একটি গলির ভিতর দিয়ে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে অতিক্রমকালে সালাম দিল। তিনি তার জবাব দিলেন না। লোকটি (অন্য) গলিতে ঢুকে যাওয়ার নিকটবর্তী হলে তিনি তাঁর উভয় হাত দেয়ালে মেরে মুখ মাসাহ্ করেন। অতঃপর হাত মেরে উভয় হাত মাসাহ্ করে সালামের জবাব দিলেন এবং বললেনঃ আমি তখন পবিত্র ছিলাম না বলেই তোমার



সালামের জবাব দেইনি।[1]

দুর্বল।

### **English**

#### Nafi' said:

Accompanied by 'Abd Allah b. 'Umar, I went to Ibn 'Abbas for a certain work. He (Ibn 'Abbas) narrated a tradition saying: A man passed by the Messenger of Allah (ﷺ) in a street, while he returned from the toilet or just urinated. He (the man) saluted him, but the Prophet did not return the salutation. When the man was about to disappear (from sight) in the street he struck the wall with both his hands and wiped his face with them. He then struck another stroke and wipes his arms. He then returned the man's salutation. Then he said: I did not return the salutation to you because I was not purified.

Abu Dawud said: I heard Ahmad b. Hanbal say: Muhammad b. Thabit reported a rejected tradition.

Ibn Dasah said: Abu Dawud said: No one supported Muhammad b. Thabit in respect of narrating this tradition as to striking the wall twice (for wiping) from the Prophet (ﷺ), but reported it as an action of Ibn 'Umar.

## ফুটনোট

[1] দারাকুতনী (১/১৭৭) মুহাম্মাদ ইবনু সাবিত সূত্রে। মুহাম্মাদ ইবনু সাবিতকে ইমাম আবৃ হাতিম ও ইমাম নাসায়ী শিথিল করেছেন। ইবনু 'আদী বলেছেন, তার কোনো বর্ণনারই অনুসরণ করা যায় না। হাফিয 'আত-তারুরীব' গ্রন্থে বলেছেন, মাকবুল। ইমাম খাত্তাবী 'মাআলিমুস সুনান' গ্রন্থে বলেনঃ ইবনু 'উমারের হাদীসটি সহীহ নয়। কেননা সনদে মুহাম্মাদ ইবনু সাবিত খুবই দুর্বল। তার হাদীস দলীলযোগ্য নয়।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ নাফি' (রহঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন